গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

নম্বর ৫৮.০০.০০০০.০৭০.৩১.০০১.২১.১৯৫

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮
১৫ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: **এসিড আমদানির লাইসেন্স নবায়নের আবেদন অনলাইনে দাখিল ও ট্র্যাকিং সিস্টেম চালুকরণ এবং ব্যবহার নির্দেশিকা প্রকাশ।**



উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসিড আমদানির লাইসেন্স নবায়ন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে এটুআইয়ের কারিগরি সহায়তায় অনলাইন সেবা পোর্টাল mygov.bd এর প্ল্যাটফরম ব্যবহার করে এসিড আমদানির লাইসেন্স নবায়নের আবেদন অনলাইনে গ্রহণপূর্বক ই-নথিতে স্থানান্তর এবং আবেদনের সর্বশেষ অবস্থা ট্র্যাকিংয়ের সিস্টেম নির্দেশক্রমে চালু করা হলো এবং সিস্টেমটি সহজে ব্যবহারের সুবিধার্থে একটি সচিত্র ব্যবহার নির্দেশিকা (কপি সংযুক্ত) প্রকাশ করা হলো ।



১৫-৭-২০২১
মুহাম্মদ আবদুল হাই মিলটন
উপসচিব
ফোন: ০২-৯৫৭৭২৬৯
ইমেইল: law2@ssd.gov.bd




সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম (সিস্টেমটি নিরবচ্ছিন্নভাবে সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৫) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)


# এসিড আমদানির লাইসেন্স নবায়নের আবেদন অনলাইনে দাখিল ও ট্র্যাকিং সিস্টেমের ব্যবহার নির্দেশিকা


<table>
<tr><th>ধাপ</th><th>বিবরণ</th><th>সংশ্লিষ্ট পেইজের স্ক্রিনশট</th></tr>
<tr><td>১.</td><td>সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে (www.ssd.gov.bd) ডান পাশে ‘অভ্যন্তরীণ ই-সেবাসমূহ’ শীর্ষক সাইড মেনুর অধীনে ‘এসিড আমদানির লাইসেন্স নবায়ন’ এর উপর ক্লিক করতে হবে অথবা সরাসরি https://www.mygov.bd/service/?id=BDGS-1557810119 লিংকে ক্লিক করা যাবে।</td><td>
</td></tr>
<tr><td>২.</td><td>পূর্ববর্তী ধাপে উল্লিখিত লিংকটি ওপেন হওয়ার পর ‘আবেদন করুন’ এর উপর ক্লিক করুন।</td><td>
</td></tr>
<tr><td>৩.</td><td>‘আবেদন করুন’ এর উপর ক্লিক করা হলে ‘myGov’ এর লগইন পেইজ ওপেন হবে। প্রথমবার আবেদনের সময় আবেদনকারীকে ‘লগইন’ এর নিচে ডান দিকে ‘নিবন্ধন’ এর উপর ক্লিক করতে হবে।</td><td>
</td></tr>
</table>


| ধাপ | বিবরণ | সংশ্লিষ্ট পেইজের স্ক্রিনশট |
|---|---|---|
| ৪. | নিবন্ধনের জন্য মোবাইল নম্বর, ইমেইল এবং পূর্ণ নাম (এনআইডির অনুরূপ) পূরণ করে ‘নিবন্ধন’ বাটনে ক্লিক করতে হবে। যিনি আবেদনকারী তাঁর নামেই নিবন্ধন করতে হবে, কারণ নিবন্ধন শেষে লগইন এর পর নিবন্ধনকারীর নাম স্বয়ংক্রিয়ভাবে আবেদন ফরমের সংশ্লিষ্ট ঘরে বসে যাবে এবং তা পরিবর্তন করা যায় না। নিবন্ধনের সময় পাসওয়ার্ড তৈরি এবং জাতীয় পরিচয়পত্র নম্বরসহ প্রোফাইলের তথ্য পূরণ করতে হয়। একবার নিবন্ধন সম্পন্ন হলে পরবর্তীতে আবেদনের সময় সংশ্লিষ্ট তথ্যসমূহ স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট ঘরে বসে যায়। |  |
| ৫. | নিবন্ধনের পর ‘নিবন্ধন’ বাটন এর নিচে ডান দিকে ‘লগইন করুন’ এর উপর ক্লিক করলে এই পেইজ ওপেন হবে। নিবন্ধনের সময় প্রদত্ত ইমেইল ঠিকানা অথবা মোবাইল নম্বর অথবা জাতীয় পরিচয়পত্র নম্বর (যেকোনো একটি) এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করা যাবে। |  |
| ৬. | লগইন করার পর আবেদনের জন্য সেবা নির্বাচন এর অধীনে ‘খাত অনুসারে’ এর আওতায় ‘লাইসেন্স’ এর উপর ক্লিক করতে হবে। এছাড়াও, ‘দপ্তর অনুসারে’ মন্ত্রণালয়/বিভাগ এর উপর ক্লিক করে ‘সুরক্ষা সেবা বিভাগ’ সিলেক্ট করা যায়। |  |

<table>
<tr><th>ধাপ</th><th>বিবরণ</th><th>সংশ্লিষ্ট পেইজের স্ক্রিনশট</th></tr>
<tr><td>৭.</td><td>পূর্ববর্তী ধাপ অনুসরণের পর যে তালিকা প্রদর্শিত হবে সেখান থেকে ‘এসিড আমদানির লাইসেন্স নবায়ন’ সিলেক্ট করতে হবে।</td><td>
</td></tr>
<tr><td>৮.</td><td>‘আবেদন করুন’ বাটনে ক্লিক করতে হবে। আবেদনের পূর্বে এই পেইজের বাম পাশে প্রদর্শিত প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা দেখে নিতে পারেন।</td><td>
</td></tr>
<tr><td>৯.</td><td>পূর্ববর্তী ধাপ অনুসরণ করে ‘আবেদন করুন’ বাটনে ক্লিক করার পর আবেদন ফরম ওপেন হবে। আবেদনকারীর নাম, পিতা/মাতার নাম, মোবাইল নম্বর স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট ঘরে বসে যাবে এবং তা পরিবর্তনের সুযোগ নেই। লাল তারকা চিহ্নিত ঘরসমূহে তথ্য প্রদান বাধ্যতামূলক।</td><td>
</td></tr>
</table>



<table>
<tr><th>ধাপ</th><th>বিবরণ</th><th>সংশ্লিষ্ট পেইজের স্ক্রিনশট</th></tr>
<tr><td>১০.</td><td>ফরম পূরণ শেষে এর নিচে সংযুক্তি প্রদান অংশে লাল তারকা চিহ্নিত সংযুক্তিসমূহ আপলোড করা বাধ্যতামূলক।</td><td>


</td></tr>
<tr><td>১১.</td><td>সংযুক্তিসমূহ আপলোড শেষে 'আবেদন প্রেরণ করুন' বাটনে ক্লিক করুন অথবা কোনো তথ্য বা সংযুক্তির ঘাটতি থাকলে 'ভবিষ্যতের জন্য সংরক্ষণ করুন' বাটনে ক্লিক করতে পারেন, সেক্ষেত্রে পরবর্তীতে আবার লগইন করে আবেদন প্রেরণ করতে পারবেন।</td><td>


</td></tr>
<tr><td>১২.</td><td>পরবর্তীতে লগইন করলে লগইনকারীর নাম ও ছবির ডান পাশের ডাউন অ্যারোতে ক্লিক করে 'সেবা ব্যবস্থাপনা' সিলেক্ট করলে প্রস্তুতকৃত/দাখিলকৃত আবেদন দেখা যাবে। সেখান থেকে আবেদনটি ওপেন করে প্রয়োজনীয় সংশোধন করে (যদি থাকে) আবেদনটি দাখিল করা যাবে।</td><td>


</td></tr>
<tr><td>১৩.</td><td>আবেদনটি গৃহীত হওয়ার পর আপনার মোবাইলে ট্র্যাকিং নং সম্বলিত একটি মেসেজ আসবে।</td><td>


</td></tr>
</table>

| ধাপ | বিবরণ | সংশ্লিষ্ট পেইজের স্ক্রিনশট |
|---|---|---|
| ১৪. | পরবর্তীতে লগইন করার পর ‘সেবা ব্যবস্থাপনা’ অংশে ক্লিক করলে এই পেইজ আসবে। এখান থেকে ‘আবেদনের অবস্থা জানুন’ সিলেক্ট করলে মোবাইল নম্বর এবং আবেদনপত্রের (ট্র্যাকিং) নম্বর লিখে ‘খুঁজুন’ বাটনে ক্লিক করতে হবে। |  |
| ১৫. | পূর্ববর্তী ধাপ অনুসারে ‘খুঁজুন’ বাটনে ক্লিক করার পর আবেদনের সর্বশেষ অবস্থা জানা যাবে। |  |

**প্রয়োজনে যোগাযোগ করুন:**


১) মুহাম্মদ আবদুল হাই মিলটন, উপসচিব (আইন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ
মোবাইল: ০১৭৮১১২৭৪২১, ইমেইল: law2@ssd.gov.bd; miltonabdh@gmail.com

২) নিপু হালদার, সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল সুরক্ষা সেবা বিভাগ
মোবাইল: ০১৬৮১১৯৩৪০৯, ইমেইল: acp1@ssd.gov.bd


---